

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 12-05-2026

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Village Committee :

রাজ্য নির্বাচন কমিশন এডিসির ভিলেজ কমিটি নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে। কমিশন ভোটকেন্দ্রের খসড়া তালিকা গতকাল প্রকাশ করেছে এবং ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হয়েছে। তা চলবে আগামী ১৫ই মে পর্যন্ত। দাবি ও আপত্তির নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ই মে। ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ই মে।

Oath Taking-Assam :

আসামে টানা দ্বিতীয়বারের মতো মুখ্যমন্ত্রী হিসেবে ড: হিমন্ত বিশ্বশর্মা আজ শপথ গ্রহণ করবেন। গুয়াহাটীর খানাপাড়ার ভেটেরিনারি কলেজ মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং বিজেপি সভাপতি নিতিন নবীন উপস্থিত থাকবেন। বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং বিজেপি-শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরও এই অনুষ্ঠানে যোগ দেবেন। উল্লেখ্য ১২৬ সদস্যের আসাম বিধানসভায় এনডিএ ১০২টি আসন পেয়েছে, যেখানে বিজেপি ৮২টি আসন এবং তাদের মিত্র দল অসম গণ পরিষদ ও বোডোল্যান্ড পিপলস ফ্রন্ট প্রত্যেকে ১০টি করে আসন জিতেছে।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমনাথ অমৃত পর্ব উদযাপনের সময় গতকাল গুজরাটের সোমনাথ মন্দিরে প্রার্থনা ও পূজা সম্পন্ন করেছেন। সংস্কারকৃত এই মন্দিরের উদ্বোধনের ৭৫ বছর পূর্তি উপলক্ষে গতকাল মহাপূজা অনুষ্ঠিত হয়। এরপর কুম্ভাভিষেক ও পতাকা উত্তোলন অনুষ্ঠান সম্পন্ন হয়। এই উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, সোমনাথ মন্দির অটল বিশ্বাস, দেবত্ব এবং দেশের চিরন্তন আত্মার এক পবিত্র প্রতীক হিসেবে দাঁড়িয়ে আছে। তিনি বলেন, সোমনাথ অমৃত পর্ব শুধু অতীত উদযাপনের উৎসব নয়, বরং এটি আগামী এক হাজার বছর ধরে দেশের অনুপ্রেরণা হয়ে থাকবে।

#####Byte-PM#####

এর আগে প্রধানমন্ত্রী শ্রী মোদী প্রভাস পতনে হামিরজি গোহিল সার্কেল পর্যন্ত এক কিলোমিটার দীর্ঘ একটি রোডশো করেন। রোডশো চলাকালীন তিনি সমবেত বিশাল জনতাকে অভিবাদন জানান।

PM-KUSUM :

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, পিএম কুসুম-এ সৌর শক্তি ব্যবহারে রাজ্যের কৃষকরা উপকৃত হয়েছেন। গতকাল সাতডুবিয়া গ্রামে পি.এম কুসুম প্রকল্পের আওতায় সৌরশক্তি চালিত কৃষি সেচ ব্যবস্থা সরজমিনে পরিদর্শন করে তিনি একথা বলেন। মন্ত্রী জানান বিদ্যুৎ দপ্তর এবং ট্রেডা এর যৌথ উদ্যোগে পি এম কুসুম প্রকল্পের অধীনে ইতিমধ্যেই ৮ হাজার ৩৬৪টি সৌরচালিত পাম্প স্থাপন সম্পন্ন হয়েছে। আরও ২ হাজার ৫৩১টি পাম্প স্থাপনের কাজ বর্তমানে চলছে। এছাড়া সৌরশক্তি চালিত মোহনপুর চা বাগান গ্রামও ঘুরে দেখেন তিনি। মন্ত্রী বলেন, এ পর্যন্ত ৮,৩৬৪টি পাম্প স্থাপনের মাধ্যমে প্রায় ৪১,৮২০ কানি জমিতে সেচ সুবিধা পৌঁছে গেছে। এই সাফল্যের জন্য উত্তর-পূর্বাঞ্চলে ত্রিপুরা প্রথম স্থান অর্জন করেছে।

VB G Ram G :

केन्द्रीय सरकार 'विकशित भारत - रोजगार ओ आजीविका मिशन (ग्रामीण) आइन, २०२५' वा डिभि-जि राम जि कार्यकर करार जन्य गतकाल विज्ञप्ति जारि करेछे। एइ आइनटि चलति बछरेर पयला जुलाई थेके सारा देशेर ग्रामीण एलाकाय कार्यकर हबे। ग्रामोन्नयन मन्त्रक जानियेछे, एइ आइनटि प्रति अर्थ बछरे १२५ दिनेर मजुरिभित्तिक कर्मसंस्थानेर निश्चयता देबे। एइ आइनटि समयमतो, स्वच्छ एवं जबाबदिहिमूलक मजुरि प्रदानेर उपर जोर देबे। नतून एइ आइने निर्धारित समयेर मध्ये काज ना पेले बेकार भाता प्रदानेरओ विधान रयेछे।

Training Centre :

विधानसभार अध्यक्ष रामपद जमातिया बलेछेन स्वनिर्भर गोष्ठीगुलिके आर्थिकभाबे सक्षम करे तुलते सरकार धारावाहिकभाबे विभिन्न प्रकल्प हाते निच्छे। गतकाल जम्पुइजलाय ब्लक प्रजेक्ट म्यानेजमेन्ट ইউनिटेर उद्योगे गडे ओठा कमिडनिटि म्यानेजड ट्रेनिंग सेन्टारेर उद्घोषण करे तिनि एकथा बलेन। एइ प्रशिक्षण केन्द्रे स्वनिर्भर गोष्ठीर सदस्येदेर शूद्र व्यवसा परिचालना ओ उৎपादित सामग्री बाजारजात करा शेथानो हबे बले जानान तिनि।

Ashwini Vaishnaw :

केन्द्रीय तथ्य ओ सम्प्रचार मन्त्री अश्विनी वैश्या आन्तर्जातिक अस्थिरतार प्रेक्षिते नागरिक ओ व्यवसायी महलेर काछे बैसेदशिक मुद्रा निर्भर ब्यय संयत करार आह्वान जानियेछेन। गतकाल नयादिल्लिते सि.आई.आई-एर वार्षिक व्यवसायिक सम्मेलने बक्तव्य राखते गिये तिनि बलेन, पश्चिम

এশিয়ায় চলমান সংঘাতের দ্রুত সমাধানের সম্ভাবনা খুবই কম। বর্তমান বৈশ্বিক অনিশ্চয়তার সময়ে সতর্ক ও পরিকল্পিত ব্যয় ব্যবস্থাপনা দেশের সামগ্রিক অর্থনৈতিক স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.১ ডিগ্রি সেলসিয়াস।
